

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২৮.১৯ -৯৭

তারিখ: ২/৬ আষাঢ় ১৪২৭
জুন ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব এস.এম. জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর (নড়াইল জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে কর্মকালীন অভিযোগ) নড়াইল জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে থাকাকালীন উক্ত কার্যালয়ের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে তাদের ভ্রমণভাতা বিলে বর্ণিত টাকার ওপর ২৫%-৩০% অর্থ উৎকোচ গ্রহণ করেছেন;

যেহেতু, আপনি নড়াইল জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের (পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী) শাস্তি বিনোদন ভাতা অনুমোদনের জন্য তাদের নিকট থেকে জনপ্রতি ১২০০/- (এক হাজার দুইশত) হতে ২০০০/- (দুই হাজার) টাকা পর্যন্ত অনৈতিক ও বিধি বহির্ভূতভাবে গ্রহণ করেছেন;

যেহেতু, আপনি নড়াইল সদর উপজেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে পেনশন নথি অগ্রগামী করার জন্য জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) হতে ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত অনৈতিক ও বিধি বহির্ভূতভাবে গ্রহণ করেছেন;


যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার এহেন অনৈতিক কর্মকাণ্ডের ফলে নড়াইল জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর দফা (খ) ও (ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য, যা শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালা ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দন্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালা আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


তারিখ: ২৪/৬/২০২০
(মোঃ আকী নূর)
সচিব

জনাব এস.এম. জাফরী
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
বাঘারপাড়া, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শুজলা শাখা

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৬.২০- ২৬

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৭
২৬ জুন ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব আবু সালেহ মোঃ ফোরকান উদ্দিন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে আনোয়ারা, চট্টগ্রামে কর্মকালীন অভিযোগ) ফেসবুক মেসেঞ্জার ও মোবাইল ফোনে চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলা সদর ক্লিনিকের পরিবার কল্যাণ পরিদর্শিকা বেগম সান্তনা রানী অধিকারীর সাথে অনৈতিক, অফিসিয়াল শিষ্টাচার বহির্ভূত ও মর্যাদা হানিকর সম্পর্ক তৈরি করেছেন;

যেহেতু, আপনি বেগম সান্তনা রানী অধিকারীকে রাত্রিবেলাসহ বিভিন্ন সময়ে মোবাইল ফোনে আপত্তিকর কথাবার্তা বলেছেন এবং ফেইসবুকের মাধ্যমে তাকে আপনার সাথে যোগাযোগ রাখতে বাধ্য করেছেন;

যেহেতু, আপনি অভিযোগকারীকে দৈহিক মিলনের ডিডিও ও ছবি ইন্টারনেটে প্রকাশ করে দিবেন মর্মে ভয়ভীতি প্রদর্শন করেছেন;

যেহেতু, আপনি চট্টগ্রাম জেলার, বোয়ালখালী উপজেলা সদর ক্লিনিকের পরিবার কল্যাণ পরিদর্শিকা বেগম সান্তনা রানী অধিকারীকে বিভিন্ন ভয়ভীতি প্রদর্শনপূর্বক তার নিকট হতে জোরপূর্বক কয়েক দফায় ২০/৩০ হাজার টাকা করে মগদ গ্রহণ করেছেন এবং বিভিন্ন সময়ে MB ও Talk Time এর জন্য ১২৯ টাকা করে গ্রহণ করেছেন;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার এহেন অনৈতিক, অফিসিয়াল শিষ্টাচার বহির্ভূত ও মর্যাদা হানিকর কার্যকলাপের জন্য পরিবার পরিকল্পনা বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' হিসেবে গণ্য; যা শাস্তিমোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালা ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হইতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালা ৪(৩)(ঘ) বিধি মোতাবেক অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


২২/৬/২০

(মোঃ আলী নূর)
সচিব

জনাব আবু সালেহ মোঃ ফোরকান উদ্দিন
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রশাসন ইউনিট,
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য